৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) সর্বগ্রাসী বিজ্ঞাপনের পণ্য শাসন মানুষের জীবনকে করে তুলেছে দুর্বিষহ — 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপন' কবিতায় তার বাস্তব প্রতিফলন ফুটে উঠেছে — আলোচনা করো।

খ) 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন।

মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।' — 'গভীরতর অসুখ' বলতে কবি কী বুঝিয়েছেন? এই 'গভীরতর অসুখ' থেকে পরিত্রাণের কোন্ সদর্থক জীবনভাবনা কবি দিয়েছেন - আলোচনা করো।

গ) 'আমার কৈফিয়ৎ' কবিতায় কবি কৈফিয়তের আদলে নিজের চারিত্রিক বিশেষত্বকেই তুলে ধরেছেন—ব্যাখ্যা করো।

ঘ) 'ঐকতান' কবিতাটিতে কবির আত্মসমীক্ষার যে সুর ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

—————





# ২০২৩
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### চতুর্থ সেমেস্টার
### কোর্স কোড : BNG-H-CC-T-10
### (বাংলা কবিতা)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'জীবনদেবতা'কে কবি আর কী কী নামে সম্বোধন করেছেন?

খ) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত' — কোন্ কবিতার পংক্তি? এখানে কে ভারতকে কোন্ স্বর্গে জাগরিত করার জন্য বলেছেন?

গ) 'কালাপাহাড়' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কালাপাহাড় ঐতিহাসিক চরিত্র হিসেবে কার সেনাপতি ছিলেন?

ঘ) স্বাধীনতা পাওয়ার জন্য যে কৃষক, মাঝি, রিক্‌শাওয়ালা স্বপ্ন দেখেছিল, তাদের নাম কী কী ছিল?

(পরের পাতায়)

ঙ) 'সুচেতনা' কবিতাটি জীবনানন্দ দাশের কোন্ কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে? সুচেতনা কোথায় আলো জ্বালাবে বলে কবি মনে করেন?

চ) 'একলা হয়ে দাঁড়িয়ে আছি

তোমার জন্যে গলির কোণে' —

কোন্ কবিতার পংক্তি? কেন তিনি গলির মোড়ে দাঁড়িয়ে আছেন?

ছ) নবনীতা দেবসেন পৃথিবীকে কেমন হতে বলেছেন?

জ) সংসারে সন্ন্যাসী লোকটার শরীরে কোন্ অস্ত্রের আঘাত পড়েছিল?

ঝ) 'সেই নারী' কবিতা অনুসারে বুকের মুঠোয় সারারাত কী ফোটে?

ঞ) জলপাই রঙের ট্যাঙ্ককে কবি দানব বলেছেন কেন?

ট) 'আমার কৈফিয়ত' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? এই কবিতায় 'ভায়োলেন্সের ভায়োলিন' বলতে কী বোঝানো হয়েছে?

ঠ) 'ঐকতান' কবিতাটি কাব্যের কত সংখ্যক কবিতা? কাব্যের প্রকাশকাল লেখো।

ড) 'আমার কৈফিয়ৎ' কবিতায় ব্যবহৃত দুটি আরবি-ফারসি শব্দের উল্লেখ করো।

ঢ) 'দেবী' কবিতায় ভিখিরি বালক কী করে?



ণ) সত্যেন্দ্রনাথ দত্ত-র চারটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'বন্যার গ্রাসে শত শত দুর্গতরা

এসো দেবী এসো বন্যাত্রাণের শিবিরে' — দেবীকে কবি কীরূপে মর্ত্যে আগমনের জন্য প্রার্থনা করেছেন?

খ) 'মৌ- লোভী যত মৌলবী আর 'মোল-লা'রা কন হাত নেড়ে, দেব-দেবী নাম মুখে আনে, সবে দাও পাজিটার জাত মেরে!' — তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) 'আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়?

আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন?

—'খাণ্ডবদাহন' বলতে কোন্ পৌরাণিক প্রসঙ্গের ইঙ্গিত দেওয়া হয়েছে? কবি এখানে কোন্ রাজনৈতিক আন্দোলনের প্রেক্ষাপট তাৎপর্যপূর্ণ করে তুলেছেন ব্যাখ্যা করো।

ঘ) সংসারে সন্ন্যাসী লোকটা ঠিক কেমন বলে তোমার মনে হয়? — কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।

ঙ) 'ভারততীর্থ' কবিতার মূল সুর কী? এই কবিতায় 'মহামানবের সাগরতীরে' বলতে কী বুঝিয়েছেন?

চ) 'দুঃখবাদী' কবিতায় দুঃখবাদ সম্পর্কিত কবির মতামত বর্ণনা করো।



(পরের পাতায়)